

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
(গোপনীয় শাখা)
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০০৪.২২.১৫৫

তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২২

জি এস এম জাফরউল্লাহ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক বগুড়া জেলার সদর উপজেলাধীন নিশিন্দারা ইউনিয়ন পরিষদ পরিদর্শন প্রতিবেদন

গত ১৪/০৯/২০২২ খ্রি. তারিখ বেলা ৩-০০টায় নিম্নস্বাক্ষরকারী বগুড়া জেলার সদর উপজেলাধীন নিশিন্দারা ইউনিয়ন পরিষদ পরিদর্শন করি। পরিদর্শনকালে জেলা প্রশাসক, বগুড়া জনাব মোঃ জিয়াউল হক, উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর জনাব সমর কুমার পাল, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ সহিদুল ইসলাম সরকার এবং পরিষদের সদস্যগণ উপস্থিত ছিলেন।

- ইউনিয়ন পরিষদটির আয়তন ৩.৫ বর্গ কি.মি.। মোট লোকসংখ্যা ১৭,৫২৫ জন, গ্রামের সংখ্যা ৫টি, মৌজার সংখ্যা ৩টি। ইউনিয়ন পরিষদ ভবনটি বগুড়া সদর উপজেলার দশটিকা মৌজার ৩২২ নং খতিয়ানভুক্ত ১৮৯১/২৩০৫ নং দাগে ০.২০ একর জমির উপর অবস্থিত। ১৯৯৪ সালে ইউনিয়ন কমপ্লেক্সটি নির্মাণ করা হয় এবং ভবনে হলরুমসহ ৪টি কক্ষ রয়েছে।
- গত ১২/০৯/২০২২ খ্রি. তারিখে জনাব মোঃ মামুনের রশিদ, উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া সর্বশেষ ইউনিয়ন পরিষদটি পরিদর্শন করেছেন। প্রতিবেদনে তেমন কোনো ত্রুটি পরিলক্ষিত হয়নি।
- হাজিরা বহিষ্টি নির্ধারিত ফরমে যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে। কর্মচারীগণ নিয়মিত হাজিরা প্রদান করছেন এবং চেয়ারম্যান কর্তৃক নিয়মিত প্রতিস্বাক্ষর করা হচ্ছে।
- পত্রপ্রাপ্তি ও পত্রজারি রেজিস্টার ০২টি নির্ধারিত ফরমে সংরক্ষণ করা হচ্ছে। গত ০১/০১/২০২২ খ্রি. তারিখ হতে পরিদর্শনের তারিখ পর্যন্ত প্রাপ্ত পত্রের সংখ্যা ৩৫টি এবং পত্রজারির সংখ্যা ৪৭টি।
- জন্ম-মৃত্যু নিবন্ধন রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, গত ৩১ ডিসেম্বর/২১ পর্যন্ত ৪৫০ জন ছেলে ও ৩৮৪ জন মেয়ের জন্ম নিবন্ধন এবং ১১ জন ছেলে ও ৬ জন মেয়ের মৃত্যু নিবন্ধন করা হয়েছে। চলতি সনে পরিদর্শনের তারিখ পর্যন্ত ৭২৫ জন ছেলে ও ৬৩০ জন মেয়ের জন্মনিবন্ধন এবং ২৫ জন ছেলে ও ১৬ জন মেয়ের মৃত্যু নিবন্ধন করা হয়েছে। ইউপি চেয়ারম্যান নিয়মিত যাচাই অন্তে রেজিস্টারসমূহ স্বাক্ষর করেন।
- ট্যাক্স আদায় রেজিস্টারে দেখা যায়, ১৯৬০ সালের ট্যাক্স রুল অনুযায়ী ট্যাক্স ধার্য করা হয়। সর্বশেষ গত ২০২১-২০২২ সালে ট্যাক্স ধার্য করা হয়েছে। ট্যাক্স কালেক্টরগণ নিয়মিত ট্যাক্স আদায় ও জমা করছেন এবং আদায় রেজিস্টারে তা লিপিবদ্ধ করা হচ্ছে। বিগত অর্থ বৎসরে দাবি ছিল ৩,০০,০০০/- এবং দাবির বিপরীতে আদায় হয়েছে ১,৩৪,৮৫৫/- টাকা। বর্তমান বৎসরে দাবি ২,৫০,০০০/- টাকা। দাবির বিপরীতে বিগত মাস পর্যন্ত আদায়ের পরিমাণ ১০,০০০/- টাকা।
- বর্তমান বছরের প্রারম্ভে মজুদকৃত আদায় রশিদ বইয়ের সংখ্যা ৫টি। বর্তমান বছরে ১০টি রশিদ বই ছাপানো হয়েছে। এর মধ্যে ৫টি বই ইস্যু করা হয়েছে। বর্তমানে বইয়ের স্থিতি সংখ্যা ১০টি। যথাযথ ফরমে রশিদের মওজুদ ও ইস্যু রেজিস্টারটি সংরক্ষণ করা হচ্ছে।
- ২০২১ সালে ১২টি সাধারণ সভা, ২টি বিশেষ সভা ও ১টি বাজেট সভা অনুষ্ঠিত হয়েছে। মাসিক সভার তারিখসমূহ নির্ধারিত আছে। সদস্যগণ সভাসমূহে উপস্থিত থাকেন।



- গ্রাম আদালতের মামলার বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, বর্তমান বছরে ৫৪টি মামলা দায়ের হয়েছে। বিগত বছরের কোন অনিষ্পন্ন মামলা নেই। এর মধ্যে বিচারের মাধ্যমে ৫০টি মামলা নিষ্পত্তি হয়েছে, বর্তমানে ৪টি মামলা অনিষ্পন্ন রয়েছে।
- ইউনিয়ন পরিষদ সচিব ও গ্রাম পুলিশদের বেতনের সরকারি অংশ ও ইউনিয়ন পরিষদ অংশ গত মাস পর্যন্ত পরিশোধ করা হয়েছে। কোনও বকেয়া নেই।
- চলতি অর্থ বছরে পরিদর্শনের তারিখ পর্যন্ত খরচ অন্তে অবশিষ্ট টাকার পরিমাণ ১০,৮৫৪/- টাকা। ক্যাশবহি যাচাইঅন্তে চেয়ারম্যান ও সচিব কর্তৃক যৌথ স্বাক্ষর করা হচ্ছে এবং ফাইলে সঠিকভাবে ভাউচার সংরক্ষণ করা হচ্ছে।
- ডিজিডি বিতরণ রেজিস্টার যথাযথ ফরমে সংরক্ষণ করা হচ্ছে। চলতি বছরে প্রাপ্ত মোট কার্ডের সংখ্যা ১৪৫টি। জুন/২২ হতে আগস্ট/২২ মাস পর্যন্ত ১৪৫টি কার্ডের বিপরীতে জনাব আব্দুল ওয়াহেদ, সহকারী শিক্ষা অফিসার এর তদারকিতে প্রতিমাসে ৪.৩৫০ মে. টন করে খাদ্যশস্য বিতরণ করা হয়েছে।

সার্বিক মন্তব্য :

- স্ট্যান্ডিং কমিটি কমিটির সভাসহ সকল সভা নিয়মিত করতে হবে।
- শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম-নিবন্ধন নিশ্চিত করতে হবে। জন্ম ও মৃত্যু নিবন্ধনের কাজে কেউ যেন শিথিলতা প্রদর্শন না করে সে বিষয়ে লক্ষ রাখতে হবে।
- মাদক ও বাল্যবিবাহের প্রবণতা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ ও ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ডিজিডি কর্মসূচির খাদ্যশস্য যাতে যথাযথভাবে বিতরণ করা হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ধার্যকৃত কর আদায়ে কার্যকর পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং ১০০% কর আদায়ে সচেষ্ট হতে হবে।



২০.০৭.২২
জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)]
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, বগুড়া
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া
- ৫। চেয়ারম্যান, ৩ নং নিশিন্দারা ইউনিয়ন পরিষদ, বগুড়া সদর, বগুড়া